

নোবিপ্রবি/রেজি/শিক্ষা শাখা/ভর্তি-১৭/২০২৩/১১২৭ন

০৮ ফেব্রুয়ারি ২০২৩

২০২১-২২ শিক্ষাবর্ষে A ইউনিটে বিজ্ঞান অনুষদভুক্ত

নতুন ৩ (তিন) টি বিভাগে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভুক্ত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির পূর্বে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির A ইউনিটের বিজ্ঞান অনুষদভুক্ত নতুন তিনটি বিষয়ে (রসায়ন, পদার্থ বিদ্যা এবং মুক্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান) ২০ (বিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করা হবে। যে সকল শিক্ষার্থী ২০২১-২২ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষা পদ্ধতিতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করেছে সে সকল শিক্ষার্থী এবং ইতোমধ্যে যে সকল শিক্ষার্থী মেধাক্রম অনুযায়ী A ইউনিটের বিষয়প্রাপ্ত হয়ে ভর্তি হয়েছে বা যারা হয়নি কিন্তু নতুন তিনটি বিষয়ে পড়তে/ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে আগামী ১১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ রাত ১১.৫৯ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট [www.admission.nstu.edu.bd](http://www.admission.nstu.edu.bd) এ প্রবেশ করে লগইন এ গিয়ে Applicant ID এবং Password দিয়ে লগইন করে পূর্বে সাবমিট করা চয়েস ফরমে নতুন তিনটি বিভাগ/বিষয় পছন্দের ক্রমানুসারে যুক্ত করে সাবমিট করার জন্য বলা হলো। এক্ষেত্রে যারা ইতোমধ্যে বিষয় পেয়েছে তারা যদি নতুন তিনটি বিষয়ে পড়তে/ভর্তি হতে ইচ্ছুক হয় তাহলে বর্তমানে প্রাপ্ত বিষয়ের চেয়ে উপরের (অধিকতর পছন্দক্রমে) যুক্ত করতে হবে। নতুন তিনটি বিষয় পছন্দক্রমে দেয়ার পদ্ধতির বিস্তারিত ভর্তির ওয়েব সাইট [www.admission.nstu.edu.bd](http://www.admission.nstu.edu.bd) এ দেয়া আছে। ইতোমধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের কেউ যদি মাইগ্রেশনের মাধ্যমে নতুন তিনটি বিভাগে যেতে চায় সেক্ষেত্রে তাদের মাইগ্রেশন চালু থাকতে হবে। কারো যদি মাইগ্রেশন বন্ধ থাকে তাহলে অভিযোগ বক্সে মাইগ্রেশন চালুর জন্য জানাতে হবে।

বিশেষ দৃষ্টব্য:

- ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন এবং পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.admission.nstu.edu.bd](http://www.admission.nstu.edu.bd) এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।
- বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য ই-মেইল [admission@nstu.edu.bd](mailto:admission@nstu.edu.bd)-এ যোগাযোগ করা যাবে।



প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল বাকী  
রেজিস্ট্রার (অ. দা.)


সচিব, ভর্তি কমিটি ২০২১-২২  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

নোবিপ্রবি/রেজি/শিক্ষা শাখা/ভর্তি-১৭/২০২৩/১১২৭ন

০৮ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি:

০১. ডিন, সকল অনুষদ। ০২. ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ। ০৩. বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ। ০৪. আস্থায়ক, ভর্তি সহায়ক (সাক্ষাৎকার ও অন্যান্য) উপ-কমিটি। ০৫. হল প্রভোস্টবৃন্দ। ০৬. প্রক্টর। ০৭. পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ। ০৮. অফিস প্রধানগণ। ০৯. পরিচালক, হিসাব (ভারপ্রাপ্ত)। ১০. পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)। ১১. পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)। ১২. শাখা প্রধানগণ, রেজিস্ট্রার দফতর। ১৩. জেলা সিনিয়র তথ্য কর্মকর্তা, নোয়াখালী। ১৪. বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড, নোবিপ্রবি।



নার্গিস আক্তার হেলালী  
ডেপুটি রেজিস্ট্রার  
শিক্ষা শাখা, রেজিস্ট্রার দফতর  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।